# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৪০

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কিভাবে হাঁচিদাতার উত্তর দেওয়া উচিত?

## بَابُ مَا جَاءَ كَيْفَ يُشَمَّتُ الْعَاطِسُ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ، عَنْ سَالِمِ بْنِ عُبَيْدٍ، أَنَّهُ كَانَ مَعَ الْقَوْمِ فِي سَفَرٍ فَعَطَسَ رَجُلٌ مِنَ الْقَوْمِ فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ . فَقَالَ عَلَيْكَ وَعَلَى أُمِّكَ فَكَأَنَّ الرَّجُلَ وَجِدَ فِي نَفْسِهِ فَقَالَ أَمَا إِنِّي لَمْ أَقُلْ إِلاَّ مَا قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَطَسَ رَجُلٌ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " عَلَيْكَ وَعَلَى أُمِّكَ إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَلْيَقُلِ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ وَلْيَقُلْ لَهُ مَنْ يَرُدُّ عَلَيْهِ يَرْحَمُكَ اللَّهُ وَلْيَقُلْ يَغْفِرُ اللَّهُ لَنَا وَلَكُمْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ اخْتَلَفُوا فِي رِوَايَتِهِ عَنْ مَنْصُورٍ وَقَدْ أَدْخَلُوا بَيْنَ هِلاَلِ بْنِ يِسَافٍ وَسَالِمٍ رَجُلاً .

বাংলা

২৭৪০. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ...... সালিম ইবন উবায়দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি এক দল লোকের সঙ্গে এক সফরে ছিলেন। তখন এই দলের এক ব্যক্তি হাঁচি দিয়ে বললঃ আসসালামু আলাইকুম। তখন সালিম রাদিয়াল্লাহু আনহু বললেনঃ তোমার উপর আর তোমার মায়ের উপর ... (এই কথা শুনে) লোকটি যেন মনে মনে রাগান্বিত হল। তখন তিনি বললেনঃ শোন, আমি তো তাই বলেছি, যা নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেনঃ এক ব্যক্তি একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে হাঁচি দিয়ে বললঃ আসসালামু আলাইকুম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বললেনঃ তোমার উপর আর তোমার মায়ের উপর। (এরপর বললেন), তোমাদের কেউ যখন হাঁচি দিবে তখন সে যেন বলেঃ আলহামদু লিল্লাহ্ রাব্বিল আলামীন, আর যে ব্যক্তি জওয়াব দিবে সে যেন বলেঃ ইয়ার হামুকাল্লাহ। এরপর হাঁচিদাতা যেন বলেঃ ইয়াগফিরুল্লাহু লী ওয়ালাকুম।

যঈফ, ইরওয়া ৩/২৪৬,২৪৭, মিশকাত তাহকিক ছানী ৪৭৪১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৪০ [আল মাদানী প্রকাশনী]

মানসূর (রহঃ) থেকে রিওয়ায়তের মধ্যে এই হাদীসটির বিরোধ রয়েছে। অনেক বর্ণনাকারী সনদের মাঝে হিলাল ইবন ইয়াসাফ (রহঃ) ও সালিম রাদিয়াল্লাহু আনহু-এর মাঝে 'আর এক ব্যক্তির' উল্লেখ করেছেন।

## English

Narrated Salim bin 'Ubaid:
that he was with some people on a journey, and a man among the people sneezed and he said: "As-Salamu Alaikum (peace be upon you)." So he (Salim) said: "'Alaika Wa 'Ala Ummik (upon you and upon your mother)." It seemed as if that bothered the man, so he said: "Indeed I have not said except what the Prophet (ﷺ) said; a man sneezed in the presence of the Prophet (ﷺ) and said: 'As-Salamu 'Alaikum (peace be upon you)' so the Prophet (ﷺ) said: ''Alaika Wa 'Ala Ummik (upon you and upon your mother). When one of you sneezes let him say: "Al-Hamdulillahi Rabbil-'Alamin (All praise is due to the Lord of all that exists)" and let the one responding to him say: Yarhamukallah (May Allah have mercy upon you)" and let him reply: Yaghfirullah Li Walakum (May Allah forgive me and you both)."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সালিম ইবন উবায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38092

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন